



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/20/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোচুল অ্যাডিরোনডাক পার্ক এজেন্সির জন লিম্যান আর্নস্টকে চেয়ার হিসেবে মনোনীত করেছেন

যখন সেনেট ফিরে আসবে আর্নস্ট পুনরায় নিয়োগের জন্য মনোনীত হবেন

আর্নস্ট 40 বছর ধরে অ্যাডিরোনডাক সংস্থার সাথে জড়িত আছেন

গভর্নর হোচুল অ্যাডিরোনডাক পার্ক এজেন্সীর জন লেইম্যান আর্নস্টকে চেয়ার হিসেবে মনোনীত করার কথা আজ ঘোষণা করেছেন। APA বোর্ডে আর্নস্ট পুনরায় নিয়োগের জন্য মনোনীত হবেন।

"নিউইয়র্কের জন্য অ্যাডিরোনডাক পার্ক হল এক বিশেষ আকর্ষণ এবং যাতে ভবিষ্যত প্রজন্ম এটিকে উপভোগ করতে পারে তার জন্য আমাদের এর প্রাকৃতিক সৌন্দর্যকে অবশ্যই সংরক্ষণ করতে হবে, এর পাশাপাশি এই অঞ্চলের পর্যটন এবং ছোট ব্যবসাবাণিজ্যকেও বাড়িয়ে তোলার উদ্যোগ দেখাতে হবে," **গভর্নর হোচুল জানিয়েছেন।** "এই নিয়োগটি কন্টিনেন্টাল মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে সুরক্ষিত অঞ্চলের জন্য একটি দীর্ঘ-মেয়াদী সর্বসাধারণ এবং ব্যক্তিগত জমি ব্যবহার পরিকল্পনা প্রস্তুতের জন্য এক প্রথম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। নর্থ কান্ট্রির জন্য জন কাজ করার মনোভাব প্রদর্শন করেছেন এবং আমি ওনার ব্যাপারে যথেষ্ট আশাবাদী যে উনি অ্যাডিরোনডাক পার্কের পরবর্তী চেয়ার হিসেবে সফলতা অর্জন করবেন, এই প্রাকৃতিক সম্পদটির জন্য একটি উন্নত এবং উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতেও সহায়তা প্রদান করবেন।"

জন লেইম্যান আর্নস্ট APA বোর্ডে 2016 সালের জুন মাসে নিযুক্ত হয়েছিলেন। বোর্ডের একজন সদস্য হিসেবে, মিস্টার আর্নস্ট রেগুলেটরি প্রোগ্রাম, স্টেট ল্যান্ড, এনফোর্সমেন্ট, পার্ক পলিসি এবং প্ল্যানিং কমিটিতে দায়িত্ব পালন করেছেন। তিনি অতি সাম্প্রতিককালে স্টেট ল্যান্ড, পার্ক ইকোলজি, পার্ক পলিসি এবং প্ল্যানিং কমিটির চেয়ার হিসেবেও দায়িত্ব পালন করেছেন। মিস্টার আর্নস্ট নিউইয়র্ক শহরের একটি বেসরকারী বিনিয়োগ প্রতিষ্ঠানের একজন চেয়ারম্যান এবং প্রেসিডেন্ট। উনি এবং ওনার স্ত্রী, মারগট, এসেক্স কাউন্টির নর্থ হাডসন অঞ্চলের এক্স লেক লেজের মালিক। 1905 সালে তার ঠাকুরদা ক্লিয়ার পল্ড অঞ্চলে ক্যাম্প করেছিলেন সেই থেকে ওনার পরিবার নর্থ হাডসন অঞ্চলে ছুটি কাটাতে আসে। 1963 সালে, এক্স লেক লেজ নিউইয়র্ক স্টেটে প্রথম সংরক্ষণ সাহায্য প্রদান করেছিল। এই সাহায্য এক্স লেকের শোরলাইনকে সুরক্ষিত রাখে। 2012 সালে এই সাহায্য স্টেটকে দেওয়া হয়েছিল যেটি সম্পত্তির বাকি অংশকে সুরক্ষিত

রাখে এবং ডিক্স মাউন্টেন এবং মার্সি মাউন্টেন স্টেটের ট্রেলগুলি যাতে সর্বসাধারণ ব্যবহার করতে পারে সেটিও অন্তর্ভুক্ত করে।

হার্ভার্ড কলেজের একজন স্নাতক, মিস্টার আর্নস্ট অ্যাডিরোনডাক সংগঠনের সাথে 40 বছর ধরে জড়িত আছেন। তিনি অ্যাডিরোনডাক কাউন্সিল এবং অ্যাডিরোনডাক ফাউন্ডেশন এবং অ্যাডিরোনডাক ল্যান্ডওনারস অ্যাসোসিয়েশনেরও আগের চেয়ারম্যান ছিলেন। তিনি অ্যাডিরোনডাক নেচার কনজারভেশনের বোর্ড, অ্যাডিরোনডাক ল্যান্ড ট্রাস্ট, অ্যাডিরোনডাক সেন্টার ফর রাইটিং, অ্যাডিরোনডাক লেকস সার্ভে কর্পোরেশন এবং নিউইয়র্ক স্টেট ট্যুরিজম অ্যাডভাইজরি কাউন্সিলের দায়িত্ব পালন করেছেন। তিনি এক্সিকিউটিভ কাউন্সিল অফ নর্থ কান্ট্রি পাবলিক রেডিও পুরনো সদস্য এবং নিউইয়র্ক লিগ অফ কনসারভেশন ভোটারস এবং নিউইয়র্ক লিগ অফ কনসারভেশন ভোটারস এডুকেশন ফান্ডের বোর্ডের দায়িত্বও পালন করেছেন। সাম্প্রতিককালে তিনি ওপেন স্পেস ইনস্টিটিউটের বোর্ডের দায়িত্ব পালন করছেন।

নেটিভ আমেরিকানদের প্রতি আগ্রহ থাকার কারণে তিনি ন্যাশনাল মিউজিয়াম অফ দ্যা আমেরিকান ইন্ডিয়ান-এর বোর্ডে তিনি কাজ করেছেন এবং ন্যাশনাল মিউজিয়াম অফ দ্যা আমেরিকান ইন্ডিয়ান-NY, স্মিথসোনিয়ান ইনস্টিটিউটে কো-চেয়ারের দায়িত্বও পালন করেছেন। তিনি নিউ মেক্সিকোর সান্টা ফেতে হিউমান এক্সপেরিয়েন্সের উপর স্কুল ফর অ্যাডভান্সড রিসার্চের বোর্ডের ম্যানেজার হিসেবেও তাঁর দায়িত্ব পালন করেছেন। জন আর্নস্ট ওনার স্ত্রী মারগটকে নিয়ে নিউইয়র্ক শহর এবং নর্থ হাডসন অঞ্চলে বসবাস করেন।

APA এগজিকিউটিভ ডিরেক্টর টেরি মার্টিনো জানিয়েছেন, "জন আর্নস্টকে এজেন্সী বোর্ডের চেয়ার হিসেবে পেয়ে অ্যাডিরোনডাক পার্ক এজেন্সী অত্যন্ত খুশি হবে বলে আমি মনে করছি। আমরা গভর্নর হোকলের সিদ্ধান্তমূলক নেতৃত্বকে এবং পার্কের প্রতি তার প্রতিশ্রুতিকেও অসংখ্য ধন্যবাদ জানাই। মিস্টার আর্নস্ট 2016 সালে তার প্রথম নিয়োগের পর থেকেই বোর্ডের আলোচনা প্রসঙ্গে তার ধীরস্থির মনোভাব এবং বুদ্ধিমত্তার পরিচয় প্রদান করে এসেছেন। আমরা ওনার অবদানের জন্য সামনের দিনগুলির দিকে তাকিয়ে আছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)